
যুগান্তর

তারিখ 06 DEC 2015
পৃষ্ঠা ৬ কলাম ৪

# ওয়ার্ল্ড ইউনিভার্সিটিতে শেষ হল সিএসই উৎসব

তথ্যপ্রযুক্তির নানা আয়োজনে ঢাকায় ওয়ার্ল্ড ইউনিভার্সিটি অব বাংলাদেশে (ডব্লিউইউবি) শনিবার শেষ হয়েছে সিএসই উৎসব-২০১৫। শুক্রবার দুই দিনব্যাপী এ উৎসবের উদ্বোধন করেন তথ্যপ্রযুক্তিবিদ মোস্তাফা জব্বার এবং তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু সিএসই উৎসবের সমাপনী ঘোষণা করেন। উৎসবে বিভিন্ন সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয় ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীরা অংশ নিয়েছে।



বক্তব্য রাখছেন মোস্তাফা জব্বার

এতে বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষার্থীরা অংশ নিচ্ছে রোবটিক্স প্রতিযোগিতা, প্রোজেক্ট শোকেসিং, আইটি অলিম্পিয়াড, গেমিং প্রতিযোগিতা এবং বিভিন্ন কর্মশালা ও সেমিনারে। কলেজ পর্যায়ের শিক্ষার্থীরা বিতর্ক প্রতিযোগিতা এবং আইটি অলিম্পিয়াডে লড়ছেন। প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মিলবে আকর্ষণীয় পুরস্কার। উৎসবের উদ্বোধনী বক্তব্যে মোস্তাফা জব্বার বলেন, বাংলাদেশসহ বিশ্বে এখন কম্পিউটার প্রোগ্রামারের চাহিদা বাড়ছে। শুধু নামমাত্র সিএসই উৎসবের মধ্যে সীমাবদ্ধ না রেখে এর মাধ্যমে দেশে কম্পিউটার প্রোগ্রামার তৈরিতে কাজ করতে হবে। এসব তরুণ শিক্ষার্থীকে প্রোগ্রামিংয়ে আগ্রহী করতে হবে। তাহলেই দেশকে প্রযুক্তিতে উন্নত দেশের কাতারে খুব অল্প সময়ে দেখা সম্ভব হবে। তিনি বলেন, সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক বন্ধ করে দেয়া কোনো সমাধান নয়, বরং তা খুলে দিয়েই সমস্যাগুলোর সমাধান করা প্রয়োজন। গ্রিনরোডস্থ বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসে এ উৎসবের অন্যতম আকর্ষণ আইসিটি মেলা। এতে বিভিন্ন প্রযুক্তিপণ্য বিপণন ও তথ্যপ্রযুক্তি সেবাদানকারী প্রতিষ্ঠান অংশগ্রহণ করে। উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর আবদুল মান্নান চৌধুরী, ট্রাস্টি বোর্ডের সাধারণ সম্পাদক ড. মুশফিক এম চৌধুরী। এ সময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি অধ্যাপক ড. এম নুরুল ইসলাম, কোষাধ্যক্ষ মোর্শেদা চৌধুরী এবং সিএসই বিভাগের বিভাগীয় প্রধান কাজী হাসান রবিন।

—সুমাইয়া রহমান সীমা